

## সেবা সপ্তাহ ২০-২৫ মার্চ, ২০১৮ উপলক্ষে প্রবাসী কল্যাণ ভবনে ওয়ান স্টপ সার্ভিস এর উদ্বোধন

বাংলাদেশ স্বল্পোন্নত দেশ হতে উত্তোরণের পরবর্তী অবস্থার সাথে খাপ খেয়ে নেয়ার জন্য সকল অংশীজনকে নিয়ে একসাথে কাজ করা এবং উত্তোরণের গুরুত্ব দেশের সকলের মাঝে ছড়িয়ে দেওয়ার লক্ষ্যে সরকার ২০-২৫ মার্চ, ২০১৮ বিশেষ সেবা সপ্তাহ পালন করছে। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক প্রবাসী কল্যাণ ভবনে “স্বল্পোন্নত দেশের স্ট্যাটাস হতে বাংলাদেশ উত্তোরণের যোগ্যতা অর্জনে ঐতিহাসিক সাফল্য উদ্‌যাপন সেবা সপ্তাহ-২০১৮” উপলক্ষে সপ্তাহব্যাপী নানা কর্মসূচী গ্রহণ করেছে। কর্মসূচীর অংশ হিসেবে প্রবাসী কল্যাণ ভবনে সপ্তাহব্যাপী সেবা প্রদানের উদ্দেশ্যে ওয়ান স্টপ সার্ভিস চালু করেছে। ২১ মার্চ, ২০১৮ তারিখে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সচিব ড. নমিতা হালদার এনডিসি এই ওয়ান স্টপ সার্ভিসের উদ্বোধন করেন। সপ্তাহব্যাপী ওয়ান স্টপ সার্ভিস উদ্বোধনকালে সচিব বলেন, কারও প্ররোচনায় পড়ে বিদেশ গিয়ে হয়রানি না হয়ে জেনে বুঝে বিদেশ যাবেন। তিনি আরও বলেন, আপনাদের যে কোন সমস্যা ও অভিযোগসমূহ আমাদেরকে সরাসরি জানাবেন। পরে সচিব জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, ঢাকা কর্তৃক প্রবাসে মৃত কর্মীদের ক্ষতিপূরণ, বকেয়া বেতন, আর্থিক অনুদান ও প্রবাসী কর্মীদের সন্তানদের শিক্ষাবৃত্তির চেক প্রদান করেন। এসময় প্রবাসে চার জন মৃত ব্যক্তির পরিবারের সদস্যদের মাঝে ক্ষতিপূরণ ও বকেয়া বেতনের চেক, এগার জন মৃত ব্যক্তির পরিবারের সদস্যদের আর্থিক অনুদান এবং পাঁচ জন প্রবাসীর সন্তানদের শিক্ষাবৃত্তির চেক প্রদান করেন।

এসময় মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মোঃ আমিনুল ইসলাম, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর মহাপরিচালক মোঃ সেলিম রেজাসহ মন্ত্রণালয়, দপ্তর/সংস্থা ও ঢাকা ডিইএমও এর কর্মকর্তা/কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

